বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং- ০৩

০২ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ ঃ -----------------------
১৬ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

## Special Purpose Vehicle, Alternative Investment Fund বা সমজাতীয় কোন তহবিল-এ ব্যাংক-কোম্পানীর বিনিয়োগ প্রসংগে

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২৪/১১/২০১৫ তারিখের ডিওএস সার্কুলার নং-০২ এর অনুবৃত্তিক্রমে বিস্তৃততর পরিসরে Special Purpose Vehicle (SPV), Alternative Investment Fund বা সমজাতীয় তহবিলের মাধ্যমে বিভিন্ন অবকাঠামোগত প্রকল্পে ব্যাংক ঋণের পরিবর্তে বন্ডের মাধ্যমে অর্থায়নের সুবিধার্থে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে -

১.১। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক অনুমোদিত কোন SPV এর মাধ্যমে (Project Specific SPV) নিম্নবর্ণিত খাতসমূহের বিপরীতে উল্লিখিত পরিমাণ অর্থ প্রতিটি একক প্রকল্পে বিনিয়োগযোগ্য হবেঃ

| ক্রমিক | খাত | বিনিয়োগযোগ্য অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১ | সরকারি অবকাঠামোগত প্রকল্প, যথাঃ বিদুৎ ও জ্বালানি অবকাঠামো, সড়ক ও সেতুসহ যোগাযোগ অবকাঠামো, পর্যটন অবকাঠামো, ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচার ইত্যাদি। | ১। সর্বোচ্চ ৭০০ (সাতশত) কোটি টাকা বা Single Borrower Exposure Limit এই দুই-এর মধ্যে যা কম। অথবা, ক্ষেত্রবিশেষে মোট মূলধনের/পরিশোধিত মূলধনের (প্রযোজ্য ক্ষেত্রে) ২৫ (পঁচিশ) শতাংশ। |
| ২ | PPP এর আওতায় গৃহীত উপরোক্ত ১নং ক্রমিকের প্রকল্পসমূহ। | ২। সর্বোচ্চ ৬০০ (ছয়শত) কোটি টাকা বা Single Borrower Exposure Limit এই দুই-এর মধ্যে যা কম। অথবা, ক্ষেত্রবিশেষে মোট মূলধনের/পরিশোধিত মূলধনের (প্রযোজ্য ক্ষেত্রে) ২২ (বাইশ) শতাংশ । |
| ৩ | বেসরকারি খাতের বিদুৎ ও জ্বালানি অবকাঠামো, পর্যটন অবকাঠামো, ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচার। | ৩। সর্বোচ্চ ৬০০ (ছয়শত) কোটি টাকা বা Single Borrower Exposure Limit এই দুই-এর মধ্যে যা কম। অথবা, ক্ষেত্রবিশেষে মোট মূলধনের/পরিশোধিত মূলধনের (প্রযোজ্য ক্ষেত্রে) ২০ (বিশ) শতাংশ । |

১.২। বিনিয়োগ ঝুঁকি ব্যবস্থাপনাঃ

SPV-এর মাধ্যমে বিনিয়োগের ক্ষেত্রে (Project Specific SPV) ঝুঁকি ব্যবস্থাপনার বিষয়ে ব্যাংকগুলোকে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। এক্ষেত্রে অন্যান্য ঝুঁকি ব্যবস্থাপনা কার্যক্রম ছাড়াও নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণীয় হবেঃ

ক) সংশ্লিষ্ট SPV-এর ব্যবসায়িক দক্ষতা এবং বিনিয়োগযোগ্য পরিমাণ তহবিল পরিচালনায় অতীত অভিজ্ঞতাকে বিনিয়োগ ঝুঁকি ব্যবস্থাপনায় একটি বড় সূচক হিসেবে বিবেচনা করতে হবে। সংশ্লিষ্ট Trustee-কে বিএসইসি এর SPV-Trustee লাইসেন্সপ্রাপ্ত হতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

খ) কোন কোম্পানীর External Credit Rating বাংলাদেশ ব্যাংকের Long Term Credit Rating 2 এবং ST-2 এর তুলনায় কম হলে উক্ত কোম্পানীর Equity বা Debt কোন ধরণের Instrument-এ Project Specific SPV-এর মাধ্যমে বিনিয়োগ করা যাবেনা।

গ) Project Specific SPV -এর মাধ্যমে কোন অ-তালিকাভুক্ত কোম্পানীর Equity Instrument-এ বিনিয়োগ করার ক্ষেত্রে উক্ত কোম্পানীর পরিশোধিত মূলধনের ১০ (দশ) শতাংশ এর বেশি শেয়ার ক্রয় করা যাবে না। অন্যদিকে, Convertible Bond-এ Project Specific SPV -এর মাধ্যমে বিনিয়োগ করার ক্ষেত্রে বিনিয়োগকারী ব্যাংক-কে নিশ্চিত করতে হবে যে, Convert হওয়ার পর ধারণকৃত শেয়ারের পরিমাণ যাতে উক্ত কোম্পানীর পরিশোধিত মূলধনের ১০ (দশ) শতাংশ এর বেশি না হয়।

ঘ) অ-তালিকাভুক্ত কোম্পানীর Equity Instrument-এ বিনিয়োগের ক্ষেত্রে Information Memorandum (IM)-এ সংশ্লিষ্ট কোম্পানী কর্তৃক সংগৃহীত মূলধন দ্বারা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে বিদ্যমান দায়ের অন্যূন ৫০ (পঞ্চাশ) শতাংশ পরিশোধের বিষয় উল্লেখ থাকলে শেয়ার প্রতি মূল্য হিসেবে সংশ্লিষ্ট কোম্পানীর NAV-এর সর্বোচ্চ ১৫০ (একশত পঞ্চাশ) শতাংশ এবং ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে বিদ্যমান দায়ের ১০০ (একশত) শতাংশ পরিশোধের বিষয় উল্লেখ থাকলে শেয়ার প্রতি মূল্য হিসেবে সংশ্লিষ্ট কোম্পানীর NAV-এর সর্বোচ্চ ২০০ (দুইশত) শতাংশ পর্যন্ত মূল্য বিবেচনা করা যাবে। অন্যান্য ক্ষেত্রে, শেয়ার প্রতি মূল্য হিসেবে সংশ্লিষ্ট কোম্পানীর NAV-এর সর্বোচ্চ ১১০ (একশত দশ) শতাংশ এর বেশি মূল্য প্রদান করা যাবে না। তবে, সংশ্লিষ্ট বিনিয়োগকারী ব্যাংক-কে SPV কর্তৃক দায় পরিশোধের বিষয়টি নিশ্চিতকরণের যাবতীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বিনিয়োগ সম্পাদন করতে হবে।

ঙ) Project Specific SPV-এর মাধ্যমে বিনিয়োগযোগ্য Convertible ও Non-convertible Bond বা Debenture বিএসইসি কর্তৃক অনুমোদিত হতে হবে। কোন কোম্পানীর Convertible Bond-এ বিনিয়োগের (Project Specific SPV -এর মাধ্যমে) ক্ষেত্রে রূপান্তরিত শেয়ারের পরিমাণ যাতে সংশ্লিষ্ট কোম্পানীর পরিশোধিত মূলধনের বেশি না হয় এ বিষয়টি বিনিযোগকারী ব্যাংক-কে নিশ্চিত করতে হবে।

চ) Public Sector Entity (PSE) ব্যতীত অন্যান্য Issuer-এর ক্ষেত্রে Bond (Convertible/Non-convertible Bond) বা Debenture-এর মোট ইস্যুকৃত পরিমাণের ন্যূনতম ১০ (দশ) শতাংশের সমপরিমাণ একটি Sinking Fund থাকতে হবে এবং সংশ্লিষ্ট Issuer-এর প্রতি বছরের Revenue-এর অন্যূন ৩ (তিন) শতাংশ উক্ত ফান্ডে জমা করতে হবে। এরূপ Sinking Fund পরিচালনার দায়িত্ব সংশ্লিষ্ট ট্রাস্টীর উপর ন্যস্ত থাকার বিষয়টি বিনিয়োগকারী ব্যাংক নিশ্চিত করবে। তবে, Asset Backed Securities-এর ক্ষেত্রে Sinking Fund থাকার বিষয়টি ঐচ্ছিক বিবেচিত হবে।

ছ) যে কোন হিসাববর্ষ শেষে Bond (Convertible/Non-convertible Bond) বা Debenture-এর নির্ধারিত সুদ পরিশোধিত না হলে সুদসহ আসল পরিমাণের উপর ২৫ (পঁচিশ) শতাংশ হারে প্রভিশন সংরক্ষণ করতে হবে। এরূপ ক্ষেত্রে দ্বিতীয় বছরের জন্য অতিরিক্ত ২৫ (পঁচিশ) শতাংশ এবং তিন বছর সুদ অপরিশোধিত থাকলে ১০০ (একশত) শতাংশ প্রভিশন সংরক্ষণ করতে হবে। Project Specific SPV হওয়ায় বিনিয়োগকারী ব্যাংক সংশ্লিষ্ট প্রকল্পে বন্ডের মাধ্যমে অর্থায়ন করছে বিধায় এরূপ কোম্পানীকে খেলাপী হিসেবে প্রদর্শনের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর সংশ্লিষ্ট ধারার বিধান প্রযোজ্য হবে। Project Specific SPV-এর মাধ্যমে বিনিয়োগ-কে ঋণ হিসেবে বিবেচনা করে সংশ্লিষ্ট ব্যাংক-কে প্রচলিত নিয়মানুসারে সিআইবি-তে রিপোর্ট করতে হবে।

২। এ বিষয়ে ইতোপূর্বে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০২/২০১৫ এর ৪ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনার পাশাপাশি এই সার্কুলারের (১.১) নং ক্রমিকে বর্ণিত বিনিয়োগযোগ্য তহবিল ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ধারা ২৬ক এর উপধারা (১) এ বর্ণিত পুঁজিবাজারে ব্যাংকের বিনিয়োগ হিসাবায়নে ধর্তব্য উপাদানসমূহের আওতা বহির্ভূত হবে। ডিওএস সার্কুলার নং-০২/২০১৫ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,
স্বাঃ/-
(মোঃ রেজাউল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন নং ঃ ৯৫৩০০৯৩